বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ-২(এসএমই)

ফোন ঃ ৯৫৬০৭৩৭
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৩৪)
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃ বিঃ-২(এসএমই)-৭(৮)/২০১৯-২০২০/ ৬০ তারিখঃ ২৯/০৭/২০১৯

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৯-২০ অর্থবছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় এসএমই ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও ফলপ্রসু করার জন্য ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক বাৎসরিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার সাথে এসএমই ঋণের লক্ষ্যমাত্রা আলাদাভাবে নির্ধারণ করে দেয়া হয়। এসএমই খাতের গুরুত্ব বিবেচনায় নিয়ে বিগত ১৫/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৩৮ তম সভায় অত্র ব্যাংকের ২০১৯-২০ অর্থবছরে এসএমই'র আওতায় ঋণ বিতরন লক্ষ্যমাত্রা ৪৫০০.০০ (চার হাজার পাঁচ শত) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। বিগত অর্থবছরে বিভাগসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে ২০১৯-২০ অর্থবছরে বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হয় যা ইতিমধ্যে প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১৯, তারিখঃ ২৪/০৭/২০১৯ মূলে জারী করা হয়েছে।

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকল্প ঋণ | চলমান/তলবী ঋণ | | | | সর্বমোট (প্রকল্প+ চলমান ঋণ) |
| | | | ট্রেডিং | সেবা | ম্যানুফেকচারিং | মোট চলমান ঋণ | |
| ০১. | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ (৪+৫+৬) | ০৮ (৩+৪+৫+৬) |
| ০১. | ঢাকা | ৪৩.৬০ | ৫৯১.১৫ | ৯০.০০ | ১৯০.০০ | ৮৭১.১৫ | ৯১৪.৭৫ |
| ০২. | ময়মনসিংহ | ২.১১ | ১৭০.৯১ | ১৫.০০ | ১০.০০ | ১৯৫.৯১ | ১৯৮.০২ |
| ০৩. | চট্টগ্রাম | ৯৬.৮২ | ২৯৪.০৮ | ১৫.০০ | ১০.০০ | ৩১৯.০৮ | ৪১৫.৯০ |
| ০৪. | খুলনা | ৯.৩৫ | ২২৩.০৯ | ৪০.০০ | ১৮০.০০ | ৪৪৩.০৯ | ৪৫২.৪৪ |
| ০৫. | বরিশাল | ৯.১৫ | ৮৬.৫৪ | ১৫.০০ | ১০.০০ | ১১১.৫৪ | ১২০.৬৯ |
| ০৬. | সিলেট | ১৬.২৭ | ১৭৭.২৮ | ১৫.০০ | ১০.০০ | ২০২.২৮ | ২১৮.৫৫ |
| ০৭. | কুমিল্লা | ৩০.৯৬ | ৩৭৮.৯০ | ১৫.০০ | ১০.০০ | ৪০৩.৯০ | ৪৩৪.৮৬ |
| ০৮. | ফরিদপুর | ৫৪.০৭ | ২০৪.৫৫ | ৭০.০০ | ৯০.০০ | ৩৬৪.৫৫ | ৪১৮.৬২ |
| ০৯. | কুষ্টিয়া | ৩২.৪৭ | ২৮১.২৮ | ১৫.০০ | ২০.০০ | ৩১৬.২৮ | ৩৪৮.৭৫ |
| ১০. | এলপিও | ৫.২০ | ৭৯২.২২ | ১০.০০ | ১৭০.০০ | ৯৭২.২২ | ৯৭৭.৪২ |
| | মোটঃ | ৩০০.০০ | ৩২০০.০০ | ৩০০.০০ | ৭০০.০০ | ৪২০০.০০ | ৪৫০০.০০ |

বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা কর্পোরেট শাখা/ মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে বন্টন করবেন। বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বন্টিত লক্ষ্যমাত্রার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন।

০২। চলতি ২০১৯-২০ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠকার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

ক) শাখার আওতাধীন এলাকায় এসএমই ঋণ বিতরণের সম্ভাব্যতা চিহ্নিত করে একটি তালিকা প্রস্তুতপূর্বক বছরের শুরু থেকেই গুনগত মানসম্পন্ন এসএমই ঋণ বিতরণ করে পারফরমিং এসেট বৃদ্ধি করতে হবে;

খ) সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র, মাইক্রো ও কটেজ খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে;

গ) বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১০ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষন করতে হবে। প্রতিটি শাখা কর্তৃক ০৫ (পাঁচ) জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে ডিসেম্বর/২০১৯ এর মধ্যে ০৩ (তিন) জন সম্ভাবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;

ঘ) বিদ্যমান ঋণ হিসাবসমূহ যথাসময়ে নবায়নের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। নতুন ঋণ গ্রহিতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রতিমাসে প্রতি শাখায় কমপক্ষে ০২ (দুই) জন নতুন গ্রাহককে এসএমই ঋণ প্রদান করতে হবে;

ঙ) এসএমই ঋণ প্রবাহ বৃদ্ধিকল্পে প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে মাসে তার আওতাধীন শাখাসমূহের গ্রাহকদের অনুকূলে কমপক্ষে ৩০টি এবং বিভাগীয় কার্যালয়কে (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার মাধ্যমে প্রাপ্ত) কমপক্ষে ২৫টি ঋণ প্রস্তাব মঞ্জুরির কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে;

চ) শাখা/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বিদ্যমান নগদ পুঁজি/চলতি মূলধন ঋণ হিসাবসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরনের ক্ষেত্রে ঋণ প্রস্তাব মেয়াদপূর্তির দুই মাস পূর্বেই গ্রহন করে প্রয়োজনীয় কাগজপত্রসহ মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;

ছ) নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা/অঞ্চল সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে যাতে লক্ষমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করা যায়; এবং

জ) শাখাসমূহকে সাপ্তাহিক/মাসিক প্রতিবেদন প্রস্তুতকালে এসএমই ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদি নির্ভুলভাবে রিপোর্টিং করতে হবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ (এসএমই ঋণ নীতিমালা) তারিখঃ ৩০/১১/২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ২০১৯-২০ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ে উক্ত ঋণ বিতরন কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

আপনার বিশ্বস্ত

২৯/০৭/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৯-২০২০/৮০(১১৫০) তারিখঃ ঐ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ</u>

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ,ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় ,ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৭. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. নথি/মহানথি।

২৯.০৭.১৯

(জাকরুল হাসান)
উপ-মহাব্যবস্থাপক